

# AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 30-10-2025

Time: 7.35 A.M.

## বিশেষ বিশেষ খবরঃ-

- ১) আজ দুপুরের মধ্যে দায়িত্ব গ্রহণ না করলে রাজ্যের মোট ১৪৩ জন বিএলও-র বিরুদ্ধে শাস্তিমূলক পদক্ষেপ নেওয়া হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।
- ২) অনুপ্রবেশকারীদের রক্ষা করতেই পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এসআইআর-এর বিরোধিতা করছেন বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ অভিযোগ করেছেন।
- ৩) সোনারপুরে কেন্দ্রীয় শুল্ক দপ্তরের আধিকারিককে মারধরের ঘটনায় পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন ঐ আধিকারিক। ঘটনায় ধৃত আরও এক।
- ৪) উচ্চমাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ফল আগামীকাল প্রকাশিত হবে।
- ৫) জগদ্ধাত্রী পূজোর আজ মহা নবমী। সকাল থেকেই চিরাচরিত ধর্মীয় রীতি মেনে চলছে পূজো।
- ৬) নিম্নচাপের প্রভাবে আজ উত্তর ও দক্ষিণবঙ্গের বেশকিছু জেলায় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

ভোটের তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-এসআইআর- এর শুরুতেই নির্বাচন কমিশন, কাজে যোগ না দেওয়া রাজ্যের মোট ১৪৩ জন বুথ স্তরের আধিকারিকের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক পদক্ষেপ নিতে চলেছে। কমিশন, মুখ্য নির্বাচনী আধিকারিককে নির্দেশ দিয়েছে, আজ বেলা ১২টার মধ্যে দায়িত্বভার গ্রহণ না করলে তাঁদের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু করতে হবে। প্রয়োজনে তাঁদের সাসপেন্ড করারও নির্দেশ দেওয়া হয়েছে। গত এপ্রিল মাসে বিএলও হিসেবে নিয়োগ পাওয়ার পরে এখনও পর্যন্ত তাঁরা দায়িত্ব নেননি। এমনকি প্রশিক্ষণেও অংশ গ্রহণ করেননি। কমিশন আগেই তাঁদের কারণ দর্শানোর নির্দেশ দিয়েছিল। কিন্তু বেশিরভাগ বিএলও কাজে যোগ দিলেও এই ১৪৩ জন তা করেননি বলে জানা গেছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজ্যের সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক (ডিইও)-দের সঙ্গে বৈঠক করেন। সেখানে উপস্থিত নির্বাচন কমিশনের বরিষ্ঠ আধিকারিকরা এদিন প্রত্যেক জেলার ডিইওদের সঙ্গে পৃথকভাবে কথা বলে এসআইআর প্রক্রিয়ার অগ্রগতি, প্রশিক্ষণ ও অন্যান্য কাজকর্ম নিয়ে বিস্তারিত রিপোর্ট চান। এই পর্যবেক্ষণ চলাকালীনই স্পষ্ট হয়ে যায়, বিএলওদের কাজে যোগ না দেওয়ার বিষয়টি স্পষ্ট হয়।

অনুপ্রবেশকারীদের রক্ষা করতেই পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এসআইআর -এর বিরোধিতা করছেন বলে মন্তব্য করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বেসরকারি সংবাদ মাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, এস আই আর নতুন কিছু নয়। আগেও নিয়মমাফিক তা করা হয়েছে। ভোটের তালিকায় সংশোধন একটি আবশ্যিক বিষয়। বিজেপি এবং এনডিএ দলগুলি নির্বাচন হয়ে এসআইআর এর পক্ষে কাজ করবে বলে শ্রী শাহ জানান।

(বাইট - অমিত শাহ )

তিনি বলেন, বাংলায় বিজেপির ভিত শক্ত হয়েছে। এবার ইমারত তৈরির পালা। এ রাজ্যে আগামী বিধানসভা নির্বাচনে বিজেপির জয় নিশ্চিত বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন স্বরাষ্ট্রমন্ত্রী।

-----

উত্তর ২৪ পরগনার পানিহাটিতে ব্যবসায়ী প্রদীপ করের মৃত্যুর কারণ হিসেবে এস আই আর আতঙ্কের অভিযোগ নিয়ে রাজনৈতিক চাপানোটোর তুঙ্গে। বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, তৃণমূল কংগ্রেস এই মৃত্যু নিয়ে রাজনীতি করছে। মৃতের ঘর থেকে উদ্ধার হওয়া সুইসাইড নোটটি আদৌ তাঁর লেখা কি না, সেই নিয়েও প্রশ্ন তুলেছেন তিনি।

এদিকে, ঘটনার যথাযথ তদন্তের দাবি জানিয়েছেন বিজেপি নেতা, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তৃণমূল কংগ্রেস ইচ্ছাকৃতভাবে ভয়ের পরিবেশ সৃষ্টি করছে বলে অভিযোগ করেন তিনি।

(বাইট - সুকান্ত)

প্রদীপ করের মৃত্যুর বিচারের দাবিতে আজ পানিহাটিতে মিছিল করবে তৃণমূল কংগ্রেস। তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় গতকাল মৃতের বাড়ি গিয়ে পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করার পর একথা জানান।

অন্যদিকে, এস আই আর এর সমর্থনে আগামী চৌঠা নভেম্বর পানিহাটিতে বিজেপি পদযাত্রা করবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন। এনআরসি এবং এস আই আর এর ভয়ে রাজ্যে মৃত্যুর ঘটনার মিথ্যে প্রচার চলছে বলে তাঁর অভিযোগ। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারও গতকাল প্রদীপ করের বাড়ি গিয়ে পরিবারের সঙ্গে সাক্ষাৎ করেন।

বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু স্বচ্ছভাবে এসআইআর-এর দাবি জানিয়েছেন।

---

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি প্রত্যেকের গনতান্ত্রিক অধিকার সুরক্ষিত রাখার পক্ষে সওয়াল করেছেন। গতকাল কলকাতার পোস্টা বাজারে জগদ্ধাত্রী পূজোর উদ্বোধন করে তিনি বলেন, বিভাজনের বদলে সকলে যাতে নিজ নিজ অধিকার প্রয়োগ করতে পারে, সে দিকে নজর রাখা জরুরি।

---

এসআইআর ঘোষণার পরই রাজ্যে নির্বাচন কমিশনের তৎপরতা তুঙ্গে। ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া নিয়ে ওই কাজের সঙ্গে সংশ্লিষ্ট আধিকারিকদের জন্য রাজ্যজুড়ে গতকাল প্রশিক্ষণ শিবিরের আয়োজন করে নির্বাচন কমিশন। এই ভারুয়াল প্রশিক্ষণে অংশ নেন রাজ্যের সমস্ত জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক (DEO), ইলেকটোরাল রেজিস্ট্রেশন অফিসার ERO, AERO এবং স্টেট লেভেল মাস্টার ট্রেনার (SLMT)-রা। বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার প্রতিটি ধাপ, তথ্য সংগ্রহ, ফর্ম যাচাই, ওয়েব পোর্টালের ব্যবহার এবং ডেটা আপডেট সংক্রান্ত যাবতীয় প্রযুক্তিগত দিক নিয়ে বিস্তারিত প্রশিক্ষণ দেওয়া হয়েছে এখানে।

এদিকে, এস আই আর পর্বে প্রত্যেক ভোটারের নামে আলাদা এনিউমারেশন ফর্ম বরাদ্দ করা হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। এই ফর্ম ফিল আপ সব ভোটারের ক্ষেত্রে বাধ্যতামূলক।

---

দক্ষিণ ২৪ পরগণার সোনারপুরে কেন্দ্রীয় শুল্ক দপ্তরের আধিকারিককে মারধরের ঘটনায় পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন ঐ

আধিকারিক। তিনি সিট গঠন করে আদালতের নজরদারিতে তদন্তের আবেদন জানিয়েছেন। বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চে আগামীকাল মামলার শুনানি।

এদিকে, এই ঘটনায় আরও একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃত সাবির হোসেন ওরফে মন্টু মগরাহাট থানার কলস এলাকার বাসিন্দা। এই নিয়ে এই ঘটনায় মোট পাঁচ জনকে ধরা হল। যদিও মূল অভিযুক্ত আজিজুল গাজি সহ চারজন আগেই জামিন পেয়েছে।

উল্লেখ্য, গত শুক্রবার রাতে প্রদীপ কুমার নামে ঐ আধিকারিকের সঙ্গে স্থানীয় এক অটো চালকের বচসা হয়। পরে অটো চালক দলবল নিয়ে মেগা সিটি এলাকায় প্রদীপ বাবুর আবাসনে ঢুকে তাকে এবং পরিবারের সদস্যদের মারধর করে বলে অভিযোগ।

---

উচ্চমাধ্যমিকের তৃতীয় সেমিস্টারের ফল আগামীকাল প্রকাশিত হবে। বেলা সাড়ে বারোটায় সাংবাদিক বৈঠক করে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য। দুপুর দুটো থেকে অনলাইনে রেজাল্ট জানতে পারবেন পরীক্ষার্থীরা। উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ গতকাল এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, [result.wb.gov.in](http://result.wb.gov.in) এবং [www.results.shiksha](http://www.results.shiksha) ওয়েবসাইটে ফলাফল জানা যাবে। স্কুল কর্তৃপক্ষ রেজাল্টের স্টেটমেন্ট ডাউনলোড করে পরীক্ষার্থীদের দিতে পারবে।

---

ঐতিহ্যবাহী জগদ্ধাত্রী পুজোর আজ মহা নবমী। উৎসব মুখর চন্দননগর, সংলগ্ন মানকুন্ডু এবং ভদ্রেশ্বরে সকাল থেকেই শুরু হয়েছে নবমী বিহিত পুজো। একটি প্রতিবেদন -

### ভয়েসকাস্ট

নদীয়ার কৃষ্ণনগরে ষষ্ঠী থেকে চারদিনের পুজো নবমীতেই সম্পন্ন হয়। জগদ্ধাত্রী পুজো উপলক্ষে হুগলীর রিষড়াতে আজ থেকেই শুরু হচ্ছে চারদিনের উৎসব।

বীরভূমের তারাপীঠে নবমী তিথিতে মা-তারা জগদ্ধাত্রী রূপে পূজিত হন। বছরের এই একটি দিনেই মাকে ডাকের সাজে সাজানো হয়।

বেলুড়মঠের সারদা পীঠ প্রাঙ্গণ, সারদা মায়ের জন্মভিটে জয়রাম বাটি এবং কামারপুকুর রামকৃষ্ণ মঠেও সকাল থেকেই চলছে বিশেষ পুজো।

অনেক গৃহস্থ বাড়িতেও আজ মাতৃ আরাধানার আয়োজন করা হয়েছে।

-----

রাজ্য প্রশাসনের অনুরোধে জগদ্ধাত্রী প্রতিমা নিরঞ্জনের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন, আগামীকাল থেকে দোসরা নভেম্বর পর্যন্ত চক্র রেল চলাচল নিয়ন্ত্রণ করবে। এই সময়কালে শিয়ালদা - BBD Bag ও BBD Bag - বারুইপুর লোকাল বাতিল থাকছে। তিনটি জোড়া ট্রেন কলকাতা স্টেশনে যাত্রা শুরু ও শেষ করবে। নৈহাটি - মাঝেরহাট লোকাল ঘুর পথে চলবে এবং শিয়ালদা নর্থ স্টেশনে যাত্রা শেষ করবে। মাঝেরহাট - রানাঘাট লোকাল পরিবর্তিত রুটে চলবে।

এদিকে, জগদ্ধাত্রী পুজোর বিসর্জনে যাত্রী চলাচলের কথা বিবেচনা করে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আজ ও আগামীকাল রাতে কৃষ্ণনগর ও রানাঘাটের মধ্যে একজোড়া বিশেষ ট্রেন পরিষেবা দেবে। এই দুদিন রানাঘাট ও কৃষ্ণনগর থেকে রাত ১১ টা ৪৫ মিনিট ও রাত সাড়ে ১২'টায় একটি করে বিশেষ ট্রেন ছাড়বে। যাতায়াতের পথে ট্রেনগুলি ফ্ল্যাগ ও হল্ট স্টেশন সহ সব স্টেশনে থামবে বলে রেল সূত্রের খবর।

---

রাজ্যের মন্ত্রী বীরবাহা হাঁসদা সম্পর্কে কুরুচিকর মন্তব্যের অভিযোগে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর বিরুদ্ধে sc/st আইনে দায়ের হওয়া মামলায় এখনই কোনো পদক্ষেপ করা হবে না বলে রাজ্য সরকার, কলকাতা হাইকোর্টে জানিয়েছে। বিচারপতি জয় সেনগুপ্ত-র বেঞ্চে গতকাল এই মামলার শুনানি হয়। আগামী ১১ নভেম্বর মামলার পরবর্তী শুনানিতে এই সংক্রান্ত কেস ডায়রি জমা দেওয়ার জন্য পুলিশকে নির্দেশ দিয়েছে আদালত। তার আগে মামলার মূল অভিযোগকারীকে নোটিস দেওয়ার কথাও বলা হয়েছে।

এদিকে, ঝাড়খামের সাকরাইল ও কলকাতার বেলঘাটা থানায় বিরোধী দলনেতার বিরুদ্ধে দায়ের হওয়া দুটি মামলার তদন্ত স্থগিত রাখার নির্দেশ দিয়েছে আদালত। ১১ নভেম্বর ঐ দুটি মামলার কেস ডায়রিও জমা দিতে বলেছে বিচারপতি।

---

চেন্নাইয়ে দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন রাজ্যের এক পরিযায়ী শ্রমিক। দক্ষিণ ২৪ পরগনার সাগর থানার মন্দিরতলা খেয়াঘাট এলাকার বাসিন্দা ৪২ বছরের লক্ষ্মীকান্ত বেরা মাস ছয়েক আগে রাজমিস্ত্রির কাজে চেন্নাই যান। সেখানে সম্প্রতি কর্মরত অবস্থায়

বুকের ওপর পাথর পড়ে গুরুতর জখম হন তিনি। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। গতকাল তাঁর দেহ গ্রামে ফিরতেই সেখানে শোকের ছায়া নেমে আসে।

গ্রামবাসীদের বক্তব্য, রাজ্যে কর্ম সংস্থানের সঙ্কটকে এই মৃত্যু আবারও চোখে আগুল দিয়ে দেখিয়ে দিল।

-----

ওড়িশার বালেশ্বর জেলার জলেশ্বর থানা এলাকায় ৬০ নম্বর জাতীয় সড়কে ট্রাকের সঙ্গে কলকাতাগামী একটি যাত্রীবাহী বাসের সংঘর্ষে বাসের চালক ও কন্ডাক্টরের মৃত্যু হয়েছে। আহত ৭ যাত্রী, কয়েক জনের অবস্থা গুরুতর।

-----

দক্ষিণ ছত্তিশগড় এবং সংলগ্ন বিদর্ভের ওপর অবস্থানরত গভীর নিম্নচাপটি আজ সুস্পষ্ট নিম্নচাপে পরিণত হবে। এর প্রভাবে আজ বীরভূম, মুর্শিদাবাদ, পশ্চিম বর্ধমান ও পুরুলিয়া জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ মাঝারি থেকে ভারী বৃষ্টির সম্ভাবনা।

অন্যদিকে বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় উত্তরবঙ্গের মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর, জলপাইগুড়ি, কালিম্পং ও দার্জিলিং জেলায় কোথাও কোথাও ভারী বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

বাইট

-----